



রাকসু জিএসের বিরুদ্ধে শিক্ষার্থীকে মারধরের অভিযোগ



রাকসু জিএস সালাউদ্দিন আম্মার। ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিশ্বকাপ ফুটবল ম্যাচ প্রদর্শনকে কেন্দ্র করে রাকসুর জিএস সালাহউদ্দিন আম্মারের বিরুদ্ধে এক হল সংসদের সাধারণ সম্পাদককে অপমান ও টেনে সরানোর অভিযোগ উঠেছে।

বুধবার (১৭ জুন) রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে নবাব আব্দুল লতিফ হল সংসদের জিএস নুরুল ইসলাম শহিদ এ অভিযোগ করেন।

শহিদের দাবি, ম্যাচ চলাকালে তিনি হবিবুর রহমান হল মাঠে খেলা দেখতে গেলে নির্ধারিত স্থানে বসার পর রাকসুর জিএস সালাহউদ্দিন আম্মার সেখানে এসে তাকে সেখান থেকে সরে যেতে বলেন। এ নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে তাকে জোর করে সরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি।

অন্যদিকে অভিযোগ অস্বীকার করে রাকসু জিএস সালাহউদ্দিন আম্মার বলেন, নির্ধারিত এলইডি স্ক্রিনের সামনে ভিড় এড়াতে এবং নারী শিক্ষার্থীদের খেলা দেখতে সুবিধা দিতে তিনি পরিস্থিতি নিয়ন্ত্রণ করছিলেন। তার দাবি, সেখানে কাউকে মারধর বা গায়ে হাত তোলার ঘটনা ঘটেনি, বিষয়টি ছিল ভুল বোঝাবুঝি।

তিনি আরও বলেন, ওই শিক্ষার্থীকে নির্দিষ্ট অন্য একটি স্থানে বসার জন্য অনুরোধ করা হয়েছিল, তবে পরে তিনি সেখান থেকে চলে যান।